

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ মডস জোন-৩

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.১১৪.২৩ নথির বিষয়ঃ Interconnection of 200 mm dia HDPE water line with 110 mm dia HDPE water line at 2(Two) locations and Installation of 1(One) Nos Sluice Valve in Road-12/B, Baitul Aman Housing (DMA-302) under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজ করণ প্রসংগে।

নোটঃ ১ নোটের বিষয়ঃ Interconnection of 200 mm dia HDPE water line with 110 mm dia HDPE water line at 2(Two) locations and Installation of 1(One) Nos Sluice Valve in Road-12/B, Baitul Aman Housing (DMA-302) under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৩/১১/২৩ ৮:২৭ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন ডিএমএ-৩০২ এলাকাটি মনসুরাবাদ, বায়তুল আমান হাউজিং, কমফোর্ট হাউজিং এবং সুনিবিড় হাউজিং নিয়ে গঠিত। উক্ত ডিএমএ-৩০২ এলাকায় ইতোপূর্বে মনসুরাবাদ হাউজিং-৪, মনসুরাবাদ হাউজিং-১০, বায়তুল আমান হাউজিং-১০, বায়তুল আমান হাউজিং-১৬ এবং সুনিবিড় হাউজিং অর্থাৎ বিদ্যমান সর্বমোট ৫টি পাম্পের উৎপাদিত পানি দিয়ে অত্র বিস্তীর্ণ এলাকার ক্রমবর্ধমান জনসংখ্যার পানির চাহিদা পূরণ করা হতো; তন্মধ্যে বায়তুল আমান হাউজিং-১৬ পানির পাম্প কয়েক বার Rehabilitation করা হয়েছে তাই উৎপাদন কম থাকায় পাম্প চালানো সম্ভব হচ্ছে না এবং সুনিবিড় হাউজিং পানির পাম্পের উৎপাদন কমে গিয়েছে। ডিএমএ-৩০২ এ বিদ্যমান চলমান কূপ সমূহের উৎপাদন বাড়িয়ে রেশনিং এর মাধ্যমে অত্র এলাকার পানির চাহিদা পূরণ করা হচ্ছে। আলোচ্য এলাকার কিছু অংশে পানি সরবরাহ ব্যবস্থাপনার ব্যাঘাত ঘটছে। বায়তুল আমান হাউজিং ১২/বি নং রোড এলাকা হতে বিভিন্ন গ্রাহকগণ সরাসরি অফিসে এসে, WASA link মাধ্যমে পানি না পাওয়ার অভিযোগ করেন। উক্ত রোডে বসবাসকৃত বাসিন্দা দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক(তদন্ত - ২) মহোদয় পানি সমস্যা সমাধানের জন্য বার বার তাগাদা দিচ্ছেন। উক্ত সমস্যার সাময়িক সমাধানের জন্য পানির গাড়ির মাধ্যমে এবং আশেপাশের এলাকার বিদ্যমান DTW এর পানি রেশনিং এর মাধ্যমে সরবরাহ করা হচ্ছে। বায়তুল আমান হাউজিং ১২/বি নং রোডে বিদ্যমান 200mm Dia Distribution line এবং 110 mm Reticulation line মধ্যে কোন আন্তঃসংযোগ না থাকায় রেশনিং করেও ৪০/৫০ টি হোল্ডিংএ পানি সরবরাহ করা সম্ভব হয় না। এতে একদিকে পানি সংকটের কারণে গ্রাহকগণ মানবেতর জীবনযাপন করছে অন্যদিকে ঢাকা ওয়াসার সার্বিক সুনাম ক্ষুণ্ণ হচ্ছে। জরুরী ভিত্তিতে উক্ত সমস্যা সমাধানের জন্য বায়তুল আমান হাউজিং ১২/বি নং রোড এলাকায় ২টি আন্তঃ সংযোগ ও ১টি স্লুইস ভাল্ব স্থাপন করা একান্ত প্রয়োজন। বায়তুল আমান হাউজিং ১২/বি নং রোডে খসড়া নকশা মোতাবেক প্রস্তাবিত স্থানে ২টি আন্তঃসংযোগ ও ১টি স্লুইস ভাল্ব স্থাপনের জন্য উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) মহোদয় মৌখিক নির্দেশ প্রদান করেন এবং DNCC থেকে রাস্তা খননের অনুমতি পাওয়া গিয়াছে। উল্লেখ্য যে কাজ শেষে Sustainable DMA Management Tools (SDMT) এ update করা হবে।

সংযুক্তিসমূহ (১):

১। খসড়া নকশা।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৩/১১/২৩ ৮:২৮ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে এবং উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) মহোদয়ের নির্দেশক্রমে ঢাকা ওয়াসার সুনাম রক্ষার্থে মডস জোন -৩ এর আওতাধীন রোড-১২/বি, বায়তুল আমান হাউজিং এলাকায় পানির সমস্যা নিরসনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে ঢাকা ওয়াসার সর্বশেষ অনুমোদিত রেট, পিডব্লিউডি রেট সিডিউল ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে বিভাগীয় মালামালের মূল্য ২৩,৭৪৯.০০ টাকা এবং আন্তঃ সংযোগ ও স্লুইস ভাল্ব স্থাপন কাজের জন্য ২,৩৮,৮৪৩.৫৯ (দুই লক্ষ আটত্রিশ হাজার আটশত তেতাল্লিশ দশমিক পাঁচ নয়) সহ মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২,৬২,৫৯২.৫৯ (দুই লক্ষ বাষট্টি হাজার পাঁচশত বিরানব্বই দশমিক পাঁচ নয়) টাকা মাত্র। আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় এবং অত্যন্ত জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য উক্ত কাজে অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন হয়। সেজন্য আলোচ্য কাজটি জরুরী বিবেচনায় PPR-2008 এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) এ অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান “M/S Maisha Enterprise ” এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজটি মডস জোন-৩ এর ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-A.1 এর ক্রমিক নং-১ এবং ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পানির লাইন খাত (কোড নং- ০২-০১-০০২) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-০৫

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

ও ০৬)।

সংযুক্তিসমূহ (৫):

১। ঠিকাদার বরাবর চিঠি।

২। ঠিকাদার থেকে প্রাপ্ত চিঠি।

৩। প্রাক্কলন।_20231123_0001.pdf

৪। ২০২৩-২৪ ইং অর্থ বছরের মডস জোন-৩ এর বরাদ্দকৃত বাজেটের কপি।


৫। ২০২৩-২৪ ইং অর্থ বছরের মডস জোন-৩ এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৩/১১/২৩ ৮:২৯ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ: ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে Interconnection of 200 mm dia HDPE water line with 110 mm dia HDPE water line at 2(Two) locations and Installation of 1(One) Nos Sluice Valve in Road-12/B, Baitul Aman Housing (DMA-302) under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ


- ক) বর্ণিত কাজের জন্য সর্বমোট = ২,৬২,৫৯২.৫৯ (দুই লক্ষ বাষট্টি হাজার পাঁচশত বিরানব্বই দশমিক পাঁচ নয়) টাকার মধ্যে বিভাগীয় মালামালের মূল্য বাবদ = ২৩,৭৪৯.০০ টাকা এবং আস্তঃ সংযোগ ও স্লুইস ভাল্ব স্থাপন কাজের জন্য = ২,৩৮,৮৪৩.৫৯ (দুই লক্ষ আটত্রিশ হাজার আটশত তেতাল্লিশ দশমিক পাঁচ নয়) টাকার প্রাক্কলন অনুমোদন ;
- খ) পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী অভিজ্ঞ ঠিকাদার প্রতিষ্ঠান "M/S Maisha Enterprise " এর সহিত সরাসরি ক্রয় পদ্ধতি (DPM)-তে সম্পাদনের অনুমোদন এবং
- গ) আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-A.1 এর ক্রমিক নং-১ এবং ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পানির লাইন খাত (কোড নং- ০২-০১-০০২) হতে নির্বাহের অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

			
২৩/১১/২৩ ১০:০১ অপরাহ্ন উত্তম সমদার উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৩	২৪/১১/২৩ ২:১১ অপরাহ্ন আনসার আহমেদ চকদার সহকারী প্রকৌশলী মডস জোন-৩	২৫/১১/২৩ ৯:৩৯ পূর্বাহ্ন জয়ন্ত সাহা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৩	২৫/১১/২৩ ৯:৩৯ পূর্বাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/১১/২৩ ১১:৩৩ পূর্বাহ্ন

জরুরি প্রাক্কলন নিয়ে আলোচনা করুন।

	
২৫/১১/২৩ ১১:৩৪ পূর্বাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	২৫/১১/২৩ ১১:৩৪ পূর্বাহ্ন জয়ন্ত সাহা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৩

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৮/১১/২৩ ১১:৫১ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.৩ এর আলোকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা মোতাবেক প্রাক্কলন সংশোধনপূর্বক উপস্থাপন করুন।

২৮/১১/২৩ ১১:৫১ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
মডস জোন-৩

২৮/১১/২৩ ১১:৫১ পূর্বাহ্ন
উত্তম সমদ্দার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৩০/১১/২৩ ১১:৪০ পূর্বাহ্ন

অনুচ্ছেদ: ১.৪ এর আলোকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা মোতাবেক আলোচ্য কাজের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-০৮)। উক্ত প্রাক্কলনে বিভাগীয় মালামালের মূল্য ২৩,৭৪৯.০০ টাকা এবং আস্তঃ সংযোগ ও স্লুইস ভাল্ব স্থাপন কাজের জন্য ২,৩২,৪২০.৫৯ (দুই লক্ষ বত্রিশ হাজার চারশত বিশ দশমিক পাঁচ নয়) সহ মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২,৫৬,১৬৯.৫৯ (দুই লক্ষ ছাপান্ন হাজার একশত ঊনসত্তর দশমিক পাঁচ নয়) টাকা মাত্র। আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় এবং অত্যন্ত জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য উক্ত কাজে অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন হয়। সেজন্য আলোচ্য কাজটি জরুরী বিবেচনায় PPR-2008 এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) এ অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান “M/S Maisha Enterprise ” এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজটি মডস জোন-৩ এর ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-A.1 এর ক্রমিক নং-১ এবং ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পানির লাইন খাত (কোড নং-০২-০১-০০২) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-০৫ ও ০৬)। আলোচ্য কাজের প্রশাসনিক ও আর্থিক অনুমোদন ক্ষমতা “ব্যবস্থাপনা পরিচালক” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (২):

১। হিসাব বিবরণী।

২। সংশোধিত প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৩০/১১/২৩ ১১:৫০ পূর্বাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ: ১.০ হতে ১.৬ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে Interconnection of 200 mm dia HDPE water line with 110 mm dia HDPE water line at 2(Two) locations and Installation of 1(One) Nos Sluice Valve in Road-12/B, Baitul Aman Housing (DMA-302) under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) বর্ণিত কাজের জন্য সর্বমোট = ২,৫৬,১৬৯.৫৯ (দুই লক্ষ ছাপান্ন হাজার একশত ঊনসত্তর দশমিক পাঁচ নয়) টাকার মধ্যে বিভাগীয় মালামালের মূল্য বাবদ= ২৩,৭৪৯.০০ টাকা এবং আস্তঃ সংযোগ ও স্লুইস ভাল্ব স্থাপন কাজের জন্য=২,৩২,৪২০.৫৯ (দুই লক্ষ বত্রিশ হাজার চারশত বিশ দশমিক পাঁচ নয়) টাকার প্রাক্কলন অনুমোদন ;

খ) পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী অভিজ্ঞ ঠিকাদার প্রতিষ্ঠান “M/S Maisha Enterprise ” এর সহিত সরাসরি ক্রয় পদ্ধতি (DPM)-তে সম্পাদনের অনুমোদন এবং

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

গ) আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-A.1 এর ক্রমিক নং-১ এবং ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পানির লাইন খাত (কোড নং- ০২-০১-০০২) হতে নির্বাহের অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ “ব্যবস্থাপনা পরিচালক ” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।




৩০/১১/২৩ ৫:১৭ অপরাহ্ন
উত্তম সমদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



৩০/১১/২৩ ৭:৩৭ অপরাহ্ন
আনসার আহমেদ চকদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



২/১২/২৩ ১২:২৯ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
মডস জোন-৩



২/১২/২৩ ৭:০৬ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
মডস সার্কেল-১



৯/১২/২৩ ৫:৩৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

৯/১২/২৩ ৫:৩৭ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ড এম) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ১১/১২/২৩ ৬:৫৬ অপরাহ্ন

Approved.




১১/১২/২৩ ৬:৫৬ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ড এম) এর দপ্তর



১৪/১২/২৩ ৭:১৫ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৪/১২/২৩ ১:৫১ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
মডস জোন-৩



১৮/১২/২৩ ২:৩৫ অপরাহ্ন
উত্তম সমদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা